

অপারেশন রেবেল হান্ট

গত ২৫ ফেব্রুয়ারী ২০০৯ তারিখে কতিপয় বিদ্রোহী বিডিআর সদস্যদের দ্বারা সংঘটিত পিলখানা হত্যায়জ্ঞের সহিত জড়িত পলায়নকৃত বিডিআর সদস্যদের গ্রেফতারের জন্য অত্র সংস্থার অধিনস্থ এলাকায় নৌ সদস্যগণ যোগদান করে। এ প্রেক্ষিতে একটি কো-অর্ডিনেশন সেল স্থাপন করা হয়। উক্ত অপারেশনে ০২ জন অফিসার ও বিভিন্ন পদবীর ২১ জন নাবিকের সমন্বয় গঠিত নৌ কন্টিনজেন্ট নিয়মিত অংশগ্রহণ করে। কন্টিনজেন্টটি মংলা, বটিয়াঘাটা, কয়রা ও বাগেরহাটের স্থানীয় প্রসাশনের সহিত সমন্বয় করে পলাতক বিডিআর সদস্যদের বিভিন্ন তথ্য সংগ্রহ করে এবং বা নৌ জা তিতুমীরস্থ ডিওসি সেলে প্রেরণ করে। অপারেশন চলাকালীন সময়ে ১৫ মার্চ ২০০৯ তারিখে ০১ জন পলাতক বিডিআর সদস্য ব্যক্তিগত নং ৫৯৮৫০ নামঃ জাহাঙ্গীর আলম, পদবী সিপাহী কে স্থানীয় পুলিশ প্রশাসনসহ যৌথ অপারেশন পরিচালনার মাধ্যমে আটক করে বা নৌ জা তিতুমীরস্থ ডিওসি সেলে সোপর্দ করা হয়। গত ০৫ মে ২০০৯ তারিখে কো-অর্ডিনেশন সেলটি De- Activated সহ দায়িত্ব নিয়জিত নৌ সদস্যদের ফেরত আনা হয়।